অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/14/2026 **গভর্নর ক্যাথি হোকল**

আরো নিরাপদ রাস্তা: গভর্নর হোকল দায়িত্ব গ্রহণের পর থেকে জননিরাপত্তায় প্রায় 4 বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছেন এবং স্টেটে অপরাধের হার ধারাবাহিকভাবে কমছে

গভর্নর স্থানীয় ও স্টেটের আইন শৃঙ্খলা রক্ষাকারীদের জন্য রেকর্ড পরিমাণ সমর্থন দিয়েছেন

নিউ ইয়র্ক স্টেটে ইনডেক্স অপরাধ 10 শতাংশ কমেছে এবং অপরাধের সাতটি শ্রেণির সবগুলিই কমেছে

গুলিতে মৃত্যুর ঘটনা 62 শতাংশ কমেছে, হত্যাকাণ্ড 57 শতাংশ কমেছে

চুরির ঘটনা 28 শতাংশ কমেছে, মোটরযান চুরি 19 শতাংশ কমেছে

গভর্নর হোকল আজকে নিউ ইয়র্কবাসীদের জননিরাপত্তায় তার রেকর্ড বিনিয়োগ সম্পর্কে জানিয়েছেন, যা তার দায়িত্বকালে অপরাধ ও বন্দুক সহিংসতা উল্লেখযোগ্যভাবে কমাতে অবদান রেখেছে। এখন পর্যন্ত, গভর্নর জননিরাপত্তা উদ্যোগগুলিতে প্রায় 4 বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছেন, যার মধ্যে বন্দুক সহিংসতা প্রতিরোধ, সাবওয়ের নিরাপত্তা, ঘৃণাজনিত অপরাধ প্রতিরোধ, এবং সীমান্তের নিরাপত্তা রয়েছে, এবং একই সাথে লং আইল্যান্ড (Long Island) থেকে বাফেলো (Buffalo) পর্যন্ত স্থানীয় ও স্টেট আইন শৃঙ্খলা রক্ষাকারীদেরকে ঐতিহাসিক মাত্রার সমর্থন প্রদান করেছেন। এর ফলে, নিউ ইয়র্ক স্টেটে (New York State) ইনডেক্স অপরাধ 10 শতাংশ কমেছে, অপরাধের সাতটি শ্রেণির সবগুলিই কমেছে এবং গভর্নরের দায়িত্বে প্রথম পূর্ণ বছর থেকে গুলিতে মৃত্যুর ঘটনা 60 শতাংশের বেশি কমেছে।

"দায়িত্ব গ্রহণের পর থেকেই নিউ ইয়র্কবাসীদের নিরাপদ রাখা আমার শীর্ষ অগ্রাধিকার," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "Trump (ট্রাম্প) প্রশাসন অতি গুরুত্বপূর্ণ সন্ত্রাসবাদবিরোধী এবং পরিবহন নিরাপত্তা উদ্যোগগুলির জন্য তহবিল কমিয়ে দিচ্ছে এবং বন্দুক লবির জন্য ছাড় দিচ্ছে, সেই সময়ে আমরা স্টেটের জননিরাপত্তা প্রোগ্রামগুলিতে প্রায় 4 বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছি এবং অপরাধের হার রেকর্ড সর্বনিম্ন পর্যায়ে নামিয়ে এনেছি। গভর্নর হিসেবে, ওয়াশিংটনের (Washington) সমর্থন থাকুক বা না থাকুক, নিউ ইয়র্কের কমিউনিটিগুলিকে সুরক্ষিত রাখতে আমার ক্ষমতার মধ্যে সবকিছু করার ব্যাপারে আমি প্রতিশ্রুতিবদ্ধ।"

এর ফলে, 2022 সালের একই সময়ের তুলনায় 2026 সালের জানুয়ারি থেকে মার্চ পর্যন্ত নিউ ইয়র্ক স্টেটে মোট ইনডেক্স অপরাধ 10 শতাংশ কমেছে, এবং সাতটি শ্রেণির সবগুলিই কমেছে। এর মধ্যে চারটি সহিংস অপরাধের শ্রেণিবিন্যাস, অর্থাৎ হত্যা, ধর্ষণ, ডাকাতি এবং গুরুতর হামলা 15 শতাংশ কমেছে, এবং তিনটি সম্পত্তি সংক্রান্ত অপরাধের শ্রেণিবিন্যাস অর্থাৎ চুরি করে প্রবেশ, লার্সেনি, এবং মোটরযান চুরি 9 শতাংশ কমেছে।

আরো উল্লেখযোগ্য বিষয়গুলির মধ্যে রয়েছে হত্যাকাণ্ড 57 শতাংশ কমা, চুরি করে প্রবেশ 28 শতাংশ কমা এবং মোটরযান চুরি 19 শতাংশ কমা।

2022 সালের একই সময়ের তুলনায় 2026 সালের জানুয়ারি থেকে জুলাই পর্যন্ত নিউ ইয়র্ক স্টেটে আহত হওয়ার ঘটনা সহ গুলির ঘটনা 57 শতাংশ কমেছে, গুলিবিদ্ধ ব্যক্তির সংখ্যা 57 শতাংশ কমেছে, এবং গুলিতে মৃত্যুর ঘটনা 62 শতাংশ কমেছে।

জননিরাপত্তায় গভর্নর Hochul-এর (হোকল) উল্লেখযোগ্য বিনিয়োগের মধ্যে রয়েছে:

- বন্দুক সহিংসতা প্রতিরোধ প্রোগ্রামগুলির জন্য 1 বিলিয়ন মার্কিন ডলারের বেশি, আইন শৃঙ্খলা রক্ষাকারী প্রযুক্তি ও সরঞ্জাম উন্নয়নের জন্য 202 মিলিয়ন মার্কিন ডলার, এবং অন্যান্য সমর্থনের জন্য প্রায় 50 মিলিয়ন মার্কিন ডলার, এর মধ্যে স্টেটের পুলিশ এজেন্সিগুলি এখনো যে প্রাচীন রেকর্ড ব্যবস্থাপনা সিস্টেম ব্যবহার করছে তা বদলানোর জন্য 25 মিলিয়ন মার্কিন ডলার রয়েছে;
- প্রসিকিউশনে সহায়তার জন্য 680 মিলিয়ন মার্কিন ডলারের বেশি;
- প্রতিরক্ষা ব্যবস্থার জন্য সহায়তার জন্য 667 মিলিয়ন মার্কিন ডলারের বেশি, এর মধ্যে কারাবাসের বিকল্প, বিচারের আগের সেবা, এবং পুনঃপ্রবেশের প্রোগ্রামগুলি রয়েছে;
- সাবওয়ে নিরাপত্তার জন্য আইন শৃঙ্খলা রক্ষাকারীদের উপস্থিতি বৃদ্ধি, নিরাপত্তা উন্নয়ন, এবং SCOUT দলগুলির জন্য 300 মিলিয়ন মার্কিন ডলারেও বেশি বিনিয়োগ, যার ফলে গ্রীষ্মকালীন পরিবহন ব্যবস্থায় অপরাধ ঐতিহাসিক সর্বনিম্ন পর্যায়ে নেমে এসেছে;
- Securing Communities Against Hate Crimes (SCAHC) অনুদানের জন্য 165 মিলিয়ন মার্কিন ডলার;
- খুচরা চুরি মোকাবেলায় 120 মিলিয়ন মার্কিন ডলার; এবং
- সীমান্ত নিরাপত্তা ও সুরক্ষার জন্য 12 মিলিয়ন মার্কিন ডলার।

2027 অর্থবছরের (Fiscal Year, FY) জন্য গভর্নর Hochul (হোকল) জননিরাপত্তায় তার রেকর্ড বিনিয়োগের ধারাবাহিকতা বজায় রেখেছেন, যার মধ্যে আছে:

- বন্দুক সহিংসতা প্রতিরোধ অনুদানের জন্য 352 মিলিয়ন মার্কিন ডলার;
- প্ল্যাটফর্ম ও ট্রেনগুলিতে পুলিশের উপস্থিতি বাড়ানোর কাজ চালিয়ে যেতে 122 মিলিয়ন মার্কিন ডলার;

- Securing Communities Against Hate Crimes প্রোগ্রামের জন্য 35 মিলিয়ন মার্কিন ডলার;
- কাউন্টি শেরিফদের পরিচালিত আইন শৃঙ্খলা রক্ষা ও সংশোধনমূলক কার্যক্রমের জন্য 14 মিলিয়ন মার্কিন ডলার;
- DNA এবং মাদক বিশ্লেষণ প্রযুক্তির উন্নয়ন এবং স্বীকৃতি ও দক্ষতা পরীক্ষার জন্য 6.7 মিলিয়ন মার্কিন ডলার বেশি প্রদান করা;
- ড্রোন প্রযুক্তির জন্য একটি ব্যাপক পরিকল্পনা তৈরি করতে স্টেট পুলিশের (State Police) জন্য 5 মিলিয়ন মার্কিন ডলার;
- ক্রাইম অ্যানালাইসিস সেন্টার (Crime Analysis Center, CAC) নেটওয়ার্ক সম্প্রসারণ এবং ওয়েস্টচেস্টার (Westchester) কাউন্টিতে একটি নতুন কেন্দ্র প্রতিষ্ঠার মাধ্যমে পুরো স্টেটকে আওতাধীন করতে 4.5 মিলিয়ন মার্কিন ডলার;
- দলিল চুরি প্রতিরোধ ও মোকাবেলায় 4.5 মিলিয়ন মার্কিন ডলার;
- স্টেট পুলিশের অটো থেফট ইউনিট (Auto Theft Unit, ATU) সম্প্রসারণে 2 মিলিয়ন মার্কিন ডলার; এবং
- বাড়িতে তৈরি 3-D প্রিন্টেড বন্দুকের হুমকি থেকে সুরক্ষার জন্য একটি টাস্ক ফোর্সে 500,000 মার্কিন ডলার।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন
এই গ্রুপ থেকে আনসাবস্ক্রাইব করতে এবং এর থেকে ইমেইল পাওয়া বন্ধ করতে press.release+unsubscribe@exec.ny.gov ঠিকানায় একটি ইমেইল পাঠান।